# হারাম ও কবিরা গুনাহ

বিভাগ/অধ্যায়ঃ হারাম ও কবীরা গুনাহ্ পরিচিতি

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

## ১৬০. শিগার বিবাহ্

শিগার বিবাহ্ তথা একজন অপরজনকে এমন বলা যে, আমি তোমার নিকট আমার বোন বা মেয়েটিকে বিবাহ্ দিচ্ছি এ শর্তে যে, তুমি আমার নিকট তোমার বোন বা মেয়েটিকে বিবাহ্ দিবে। তবে তাতে কোন ধরনের মোহরের আদান-প্রদান হবে না অথবা হতেও পারে এমন কাজ হারাম।

আবূ হুরাইরাহ্, জাবির বিন্ আব্দুল্লাহ্ ও আব্দুল্লাহ্ বিন্ ’উমর (রাঃ) থেকে বর্ণিত তাঁরা বলেন:

نَهَى رَسُوْلُ اللهِ عَنِ الشِّغَارِ.

“রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম শিগার বিবাহ্ করতে নিষেধ করেন”। (মুসলিম ১৪১৫, ১৪১৬, ১৪১৭)

আব্দুল্লাহ্ বিন্ ’উমর (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন:

لَا شِغَارَ فِيْ الْإِسْلَامِ.

“ইসলাম ধর্মে শিগার বিবাহ্ বলতে কিছুই নেই”। (মুসলিম ১৪১৫)

Source — https://www.hadithbd.com/books/link/?id=6836

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন